রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, নভেম্বর ২৪, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক অধিশাখা
www.cabinet.gov.bd

প্রজ্ঞাপন

ঢাকা, ০৮ অগ্রহায়ণ ১৪৩৩ বঙ্গাব্দ/ ২৩ নভেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ

নম্বর- ০৪.০০.০০০০.০০০.৬১১.০৬.০০০৫.২৬.২২৩—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার 'সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন নির্দেশিকা পর্যালোচনা ও সংশোধন সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় সচিব কমিটি' নিম্নরূপে গঠন করেছে :

১.১। **কমিটির গঠন :**

(১)	মন্ত্রিপরিষদ সচিব	আহ্বায়ক
(২)	প্রধানমন্ত্রীর মুখ্য সচিব	সদস্য
(৩)	সচিব, অর্থ বিভাগ	সদস্য
(৪)	পরিকল্পনা কমিশনের সদস্যগণ	সদস্য
(৫)	সচিব, পরিকল্পনা বিভাগ	সদস্য-সচিব।

এ কমিটিতে 'সচিব' বলতে সিনিয়র সচিবও অন্তর্ভুক্ত হবেন।

১.২। **কমিটির কার্যপরিধি :**

(১) সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন নির্দেশিকা পর্যালোচনাপূর্বক উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন প্রক্রিয়া অধিকতর সহজ, সময়োপযোগী ও কার্যকর করার লক্ষ্যে প্রয়োজনীয় সংশোধনের প্রস্তাব প্রণয়ন;

মূল্য : টাকা ৪.০০

(২) সামাজিক সুরক্ষা, নারী ও শিশু উন্নয়ন, শিক্ষা ও স্বাস্থ্য খাতের চলমান প্রকল্প সম্প্রসারণের উদ্দেশ্যে ৫০ (পঞ্চাশ) কোটি টাকার উর্ধ্বে প্রাক্কলিত ব্যয়ের উন্নয়ন প্রকল্প গ্রহণের ক্ষেত্রে সম্ভাব্যতা সমীক্ষার বাধ্যবাধকতা শিথিলকরণের বিষয়ে প্রয়োজনীয় বিধান সংযোজনের প্রস্তাব প্রণয়ন;

(৩) বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়ন ত্বরান্বিত করার লক্ষ্যে উক্ত নির্দেশিকা পর্যালোচনাপূর্বক সুপারিশ প্রণয়ন; এবং

(৪) উপর্যুক্ত কার্যক্রমের আলোকে সংশোধিত নির্দেশিকার খসড়া প্রণয়নপূর্বক সুপারিশসহ সরকারের বিবেচনার জন্য পরিকল্পনা বিভাগে প্রতিবেদন দাখিল।

১.৩। কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

১.৪। কমিটির সভা প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

১.৫। পরিকল্পনা বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোহাম্মদ শামীম সোহেল)
অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)
ফোন: ০২-২২৬৬৪১০০১
e-mail: addl_ce@cabinet.gov.bd

মোহাম্মদ আবু ইউসুফ, পরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd